

## নতুন বেতন কাঠামো বিদ্যালয়ে তালা ঝোলানোর হুমকি এমপিওভুক্ত শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক >

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে শর্ত ছাড়াই অষ্টম জাতীয় বেতন কাঠামোতে এমপিওভুক্ত শিক্ষকদের অন্তর্ভুক্তি না করলে বিদ্যালয়ে তালা ঝোলানোর হুমকি দেওয়া হয়েছে। দাবি আদায়ে মাসব্যাপী কর্মসূচিও ঘোষণা করেন শিক্ষকরা। গতকাল, শনিবার জাতীয় শ্রেসত্রাবে এক সংবাদ সম্মেলনে এই হুমকি দেন শিক্ষক-কর্মচারী এক্যাজেট নেতারা।

কর্মসূচির মধ্যে রয়েছে ১৯ জানুয়ারি শিক্ষক দিবসের আলোচনায় জাতীয় বেতন কাঠামোর দাবি, ২৩ জানুয়ারি উপজেলা ও ২৫ জানুয়ারি জেলা সদরে মানববন্ধন। এ ছাড়া ২ ফেব্রুয়ারি উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে শিক্ষক-কর্মচারীদের স্মারকলিপি, ৮ ফেব্রুয়ারি জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি, ১৫ ফেব্রুয়ারি থেকে ১৪ মার্চ পর্যন্ত এসএসসি পরীক্ষার বিরতিকালীন জেলা ও বিভাগীয় শহরে সমাবেশ। কর্মসূচিতে আরো রয়েছে ১৫ মার্চ শিক্ষাপ্রতিষ্ঠানে তালা ঝোলানো কর্মসূচি এবং ২৭ মার্চ ঢাকায় মহাসমাবেশ।

লিখিত বক্তব্যে বলা হয়, অতীতে যতবার জাতীয় বেতন কাঠামো ঘোষণা করা হয়েছে, ততবারই শিক্ষকদের স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু এবার শর্ত দিয়ে নানাভাবে বঞ্চিত করার চেষ্টা চলছে। অতীতে শিক্ষকরা যতবার রাজপথে নেমেছেন ততবারই দাবি আদায় করে ঘরে ফিরেছেন। এবারও প্রয়োজনে শিক্ষকরা মাঠে নামবেন। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের ভারপ্রাপ্ত মহাসচিব মো. জাকির হোসেন, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির প্রেসিডিয়াম সদস্য তোফাজ্জল হোসেন, মনজুরুল ইসলাম, মাদ্রাসা শিক্ষক সমিতির মহাসচিব দেলোয়ার হোসেন প্রমুখ।